



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্প  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭০.১৬-৮২৬

তারিখঃ ২১/১১/২০১৭ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ মা ও শিশুর পুষ্টি ও স্বাস্থ্য পরিচর্যা বিষয়ক প্রশিক্ষণে প্রদত্ত উপকরণসমূহ রেজিস্টারে লিপিবদ্ধকরণ ও হস্তান্তর।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পভুক্ত বিভিন্ন উপজেলা হতে নির্বাচিত ৪০ (চল্লিশ) জন সুফলভোগীকে গোপালগঞ্জের কোটালীপাড়াস্থ বাপার্ডে মা ও শিশুর পুষ্টি ও স্বাস্থ্য পরিচর্যা বিষয়ে মাসব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ সমাপনীতে প্রত্যেক সুফলভোগী/প্রশিক্ষণার্থীকে চিকিৎসা সহায়ক সরঞ্জামাদি (ব্লাড প্রেসার মাপার যন্ত্র, ডায়বেটিস মাপার যন্ত্র, থার্মোমিটার, এ্যাপ্রোন ইত্যাদি) সরবরাহ করা হয়েছে। প্রশিক্ষণোত্তর সরবরাহকৃত উপকরণসমূহের তথ্য সংশ্লিষ্ট উপজেলায় যথাযথভাবে সংরক্ষণ করা প্রয়োজন। এছাড়া প্রকল্প হতে সদস্যদের প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণোত্তর উপকরণ সরবরাহের বিষয়টি সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সম্ভব হলে বিতরণ করার ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। তাছাড়া প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণ উপকরণ সঠিকভাবে ব্যবহার করছে কিনা তা নিয়মিত মনিটরিং করতে হবে।

এমতাবস্থায়, মা ও শিশুর পুষ্টি ও স্বাস্থ্য পরিচর্যা বিষয়ে প্রশিক্ষণোত্তর সরবরাহকৃত উপকরণসমূহ উপজেলায় প্রকল্পের স্টক রেজিস্টারে লিপিবদ্ধ করতে এবং উহা উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসারের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে সুফলভোগীকে হস্তান্তর করে প্রকল্প কর্তৃপক্ষকে অবহিত করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মোঃ সিফাত আজাদ  
সহকারী পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং : ০২-৮১৮৯০৩১

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
উপজেলা :.....  
জেলাঃ.....।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
- ২। উপপরিচালক, বিআরডিবি, জেলা.....।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা....., জেলাঃ.....।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলাঃ....., জেলা.....।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৭। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ....., জেলাঃ.....।
- ৮। পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। সংশ্লিষ্ট নথি/ গার্ড ফাইল।